দৈনিক খবর

তারিখ 15 JAN 1989
পৃষ্ঠা 4 কলাম 4

12

# ১১৪টি শিক্ষাপ্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত

বরগুনা, ১৪ জানুয়ারী (সংবাদদাতা) — বিগত ঘূর্ণিঝড়ে পাথরঘাটা উপজেলায় ১১৪টি শিক্ষা প্রতিষ্ঠান আংশিক ও সম্পূর্ণ বিধ্বস্ত হয়েছে।

পাথরঘাটা উপজেলা পরিষদ থেকে প্রাপ্ত তথ্যে জানা গেছে, জেলার উপর দিয়ে গত ২৯ নভেম্বর বয়ে যাওয়া ঘূর্ণিঝড়ে পাথরঘাটা উপজেলা সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হয়েছে।

উপজেলার বিভিন্ন ইউনিয়নে মোট ১শ' ১৪টি শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়েছে। এর মধ্যে ৫০টি শিক্ষা প্রতিষ্ঠান সম্পূর্ণ বিধ্বস্ত হয়েছে। ৬৪টি আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। এর মধ্যে ৬৮টি মাদ্রাসা, ৪৬টি প্রাথমিক বিদ্যালয় ও ৯টি মাধ্যমিক বিদ্যালয়।

শিক্ষা প্রতিষ্ঠানগুলো বিধ্বস্ত হওয়ায় হাজার হাজার ছাত্র-ছাত্রীকে খোলা আকাশের নীচ বসে লেখাপড়া করতে হচ্ছে।